

বাংলাদেশ সোসাইটি অব সিডনী (ইংক)এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত।

গত ১৫ই নভেম্বর রবিবার অনুষ্ঠিত হয়ে গেল বাংলাদেশ সোসাইটি অব সিডনী (ইংক) এর বার্ষিক সাধারণ সভা। প্রাক্তন সভাপতি জনাব নাজমুল হুদা'র সভাপতিত্বে দুপুর ১২টায় অনুষ্ঠিত এই সাধারণ সভায় প্রায় ৫০ জন সাধারণ সদস্য-সদস্যা উপস্থিত ছিলেন। রকডেল পাবলিক স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত এই সভায় স্বাগত বক্তব্য জানিয়ে গত বছরের বার্ষিক রিপোর্ট পেশ করেন প্রাক্তন সাধারণ সম্পাদক জনাব শহীদুজ্জামান আলো। প্রাক্তন কোষাধ্যক্ষ জনাব হায়াত মাহমুদ উপস্থাপন করেন গত বছরের রিপোর্ট।

উপস্থিত সদস্য-সদস্যগণ সোসাইটির ভবিষ্যত কার্যক্রমকে আরও বেগবান এবং গঠনমূলক করার উপর গুরুত্ব দিয়েছেন। বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এর কার্যক্রমে সন্তুষ্ট হয়ে সদস্যবৃন্দ বিগত স্কুল কমিটির সভাপতি জনাব আবুল সামছুজ্জামান কামাল ও সাধারণ সম্পাদক জনাব ইসফাকুল কবির রতনকে অভিনন্দন জানান।

সভার দ্বিতীয় পর্যায়ে ছিল আগামী ২০০৯-২০১০ সালের জন্য কার্যকরি কমিটি গঠন। এ পর্যায়ে বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এর প্রিন্সিপ্যাল ড: মো: হাবিব উল্লাহ'র পরিচালনায় উপস্থিত সকলের সমঝোতায় ১১ সদস্য বিশিষ্ট একটি কার্যকরি কমিটি গঠিত হয়েছে।

সভাপতি	জনাব শহীদুজ্জামান আলো
সহ-সভাপতি (১)	ড: মো: হাবিব উল্লাহ
সহ-সভাপতি (২)	জনাব হায়াত মাহমুদ
সাধারণ সম্পাদক	জনাব সফিকুর রহমান চৌধুরী
সহ সাধারণ সম্পাদক	জনাব বদরুল ইসলাম মাহতাব
কোষাধ্যক্ষ	জনাবা রুকসানা খান লাকি
সাংস্কৃতিক সম্পাদক	জনাব সালেহ আহমেদ স্বপন
প্রচার ও প্রকাশনা সম্পাদক	জনাব শেহজাদ হাসান রনি
ক্রীড়া সম্পাদক	জনাব নাজমুল হক
কার্যকরি সদস্য (১)	জনাব নাজমুল হুদা
কার্যকরি সদস্য (২)	জনাবা ইসমিতা জাহান



নবগঠিত কমিটি আগামী দিনের কার্যক্রমে সিডনীবাসী তথা বাংলাদেশী সকলের সহযোগীতা কামনা করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে ছিল দুপুরের খাবার এবং এর মাধ্যমেই দিনের সমাপ্তি ঘটে।